দৈনিক বাংলা

তারিখ ২৬/১০/৮১
পৃষ্ঠা ... কলাম ...

354

034

# ঢাকার বিভিন্ন স্কুলের জন্য জিয়া প্রতিশ্রুত অনুদান আজ থেকে দেয়া হবে

মরহুম প্রেসিডেন্ট জিয়াউর রহমান চলতি বছরের গোড়ার দিকে ঢাকা মহানগরীর স্কুলগুলো পরিদর্শনকালে বিভিন্ন স্কুলের উন্নয়নের জন্যে যে অনুদান প্রদানের কথা ঘোষণা করেছিলেন—আজ সোমবার থেকে তা প্রদান শুরু হবে।

ঢাকার মেয়র ব্যারিস্টার আবুল হাসনাত রোববার শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়ের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

উল্লেখ্য, ১৯৮১ সালের ফেব্রুয়ারী-মার্চ মাসে মরহুম প্রেসিডেন্ট জিয়া ঢাকা নগরীর বিভিন্ন প্রাথমিক ও মাধ্যমিক স্কুল পরিদর্শনকালে স্কুলসমূহের সার্বিক উন্নয়নের জন্যে মোট ১ কোটি ৭৭ লাখ টাকা প্রদানের কথা ঘোষণা করেছিলেন। এই টাকার ৭৭ লাখ টাকা আজ থেকে বিভিন্ন স্কুলকে প্রদান করা হবে।

ব্যারিস্টার হাসনাত বলেন, মরহুম প্রেসিডেন্ট জিয়া এই শহরের স্কুলগুলোকে এবং শিক্ষার মান উন্নত করার জন্যে অত্যন্ত আগ্রহী ছিলেন। তিনি ঢাকার প্রায় সবকয়টি স্কুলই পরিদর্শন করেছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ডিপিআই ডঃ হাফেজ আহমদ, শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়ের অধ্যক্ষা মিসেস হোসনে আরা শাহেদ এবং বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি ও মহাসচিব। খবর সংবাদ বিজ্ঞপ্তির।